রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১৫, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৭ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ/ ১১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং-৩৬২-আইন/আয়কর-১৭/২০২৫।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে কর বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত বিধিমালার—

(ক) বিধি ৬ এর—

(অ) উপ-বিধি (৪) এ উল্লিখিত "সরকার বা" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(আ) উপ-বিধি (৮) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৮) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৮) এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে,—

(ক) "**ক-শ্রেণি**" বলিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষসহ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন অনুরূপ অন্য যে-কোনো উন্নয়ন কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন এলাকার বাণিজ্যিক প্লটকে বুঝাইবে;

মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(খ) "**খ-শ্রেণি**" বলিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষসহ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন অনুরূপ অন্য যে-কোনো উন্নয়ন কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন এলাকার আবাসিক প্লটকে বুঝাইবে;

(গ) "**গ-শ্রেণি**" বলিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষসহ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন অনুরূপ অন্য যে-কোনো উন্নয়ন কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন নহে কিন্তু ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক প্রতিষ্ঠিত এলাকার বাণিজ্যিক প্লটকে বুঝাইবে;

(ঘ) "**ঘ-শ্রেণি**" বলিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষসহ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন অনুরূপ অন্য যে-কোনো উন্নয়ন কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন নহে কিন্তু ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক প্রতিষ্ঠিত এলাকার আবাসিক প্লটকে বুঝাইবে;

(ঙ) "**ঙ-শ্রেণি**" অর্থে সকল শিল্প প্লটকে বুঝাইবে;

(চ) "**চ-শ্রেণি**" বলিতে "ক-শ্রেণি", "খ-শ্রেণি", "গ-শ্রেণি", "ঘ-শ্রেণি", "ঙ-শ্রেণি" ব্যতীত অন্যান্য এলাকা বুঝাইবে।";

(খ) বিধি ৭ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "সরকার বা" শব্দগুলি বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

এ কে এম বদিউল আলম
সদস্য (কর নীতি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com